83

দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 JUN 1998 ..
পৃষ্ঠা 22 কলাম 7

### ম্যাজিস্ট্রেটের উপর ইটপাটকেল নিক্ষেপ ঃ চেয়ার বেঞ্চ গাড়ী ভাঙচুর

# মেহেরপুরে নকলের দাবীতে মিছিল পরীক্ষা কেন্দ্রগুলো ছাত্রদের দখলে

মেহেরপুর জেলা সংবাদদাতা ঃ নকলের দাবীতে মিছিলের পর মেহেরপুর ও গাংনীর এইচএসসি পরীক্ষা কেন্দ্রগুলোতে এখন নকলের মহোৎসব চলছে। ইংরেজী ২য় পত্রের পরীক্ষার দিন গাংনী পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীরা ও বহিরাগতরা নকলের দাবীতে মিছিল, চেয়ার, বেঞ্চ, গাড়ী ভাঙচুর, ম্যাজিস্ট্রেটকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করার পর মেহেরপুর জেলার এইচএসসি পরীক্ষা কেন্দ্রগুলোতে এখন গণহারে নকল চলছে। নকলের দাবীতে ছাত্রদের মিছিলের শ্লোগান ছিল— "রুখবে নকল সাধ্য কার, নকল আমার অধিকার।"

জানা যায়, ম্যাজিস্ট্রেটরা নকল প্রতিরোধে কঠোর ব্যবস্থা নিলে এবং নকলের অভিযোগে ব্যাপক হারে পরীক্ষার্থী বহিষ্কার করলে কেন্দ্রের পরীক্ষার্থীরা ও বহিরাগতরা উত্তেজিত হয়ে ওঠে। পরদিন ইংরেজী ২য় পত্রের পরীক্ষার দিন পরীক্ষার্থীরা সম্মিলিতভাবে ঘোষণা দেয়— তারা নকলের সুযোগ না পেলে পরীক্ষা দেয়া থেকে বিরত থাকবে। পরীক্ষার্থী এবং বহিরাগতরা পরীক্ষা কেন্দ্রে নকলের দাবীতে মিছিল করে। পরে পরীক্ষার্থীদের দাবীতে কর্ণপাত না করলে তারা কেন্দ্রের চেয়ার, বেঞ্চ ভাঙচুর করে। পরীক্ষার্থীরা ম্যাজিস্ট্রেটের উপর ইটপাটকেল নিক্ষেপ করে কেন্দ্রে ব্যাপক বিশৃংখলার সৃষ্টি করে। ফলে ঐদিন নিরীহ মেধাবী পরীক্ষার্থীরাও সুষ্ঠুভাবে পরীক্ষা দিতে পারেনি।

বর্তমানে মেহেরপুরের পরীক্ষা কেন্দ্রগুলো ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের নেতাকর্মীদের দখলে চলে গেছে। পরীক্ষা কেন্দ্রের ভিতর তাদের অবাধ বিচরণে কেন্দ্রের দায়িত্বরত শিক্ষক-শিক্ষিকারা প্রচণ্ডভাবে ক্ষুব্ধ। পুলিশের নাকের ডগায় ছাত্র লীগ নেতাদের কেন্দ্রের ভিতর অবাধ বিচরণে প্রশাসন নীরব থাকায় শিক্ষক-শিক্ষিকারা ভয়ে তাদের বিরুদ্ধে মুখ খুলতে পারছেন না।